# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
# হাইকোর্ট বিভাগ
## (২০২২ইং সনের ৩৫২নং গঠনবিধি)

**আমি এতদ্বারা নির্দেশ করিতেছি যে, আগামী ১৬ই অক্টোবর,২০২২খ্রীঃ তারিখ রোজ রবিবার সকাল ০৯ঃ৩০ মিনিট হইতে হাইকোর্ট বিভাগের বিচারকার্য পরিচালনার জন্য নিম্নে উল্লেখিত বেঞ্চ সমূহ গঠন করা হইলঃ**

১. **বিচারপতি সৈয়দ মোহাম্মদ জিয়াউল করিম**

**এবং**

**বিচারপতি শশাঙ্ক শেখর সরকার**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য মামলার সন ও নাম্বারের ধারাবাহিকতা অনুসরণ করিয়া অগ্রাধিকার ভিত্তিতে মৃত্যুদন্ডাদেশ কনফারমেশনের রেফারেন্স এবং একই রায় হইতে উদ্ভুত সকল ফৌজদারী আপীল ও জেল আপীল এবং উক্ত রায় হইতে উদ্ভুত ফৌজদারী আপীল ও জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং ফৌজদারী বিবিধ যদি থাকে (সপ্তাহে তিন দিন রবিবার, সোমবার ও মঙ্গলবার); শুনানীর জন্য ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

২. **বিচারপতি এস, এম, এমদাদুল হক**

**এবং**

**বিচারপতি কে এম জাহিদ সারওয়ার**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য মামলার সন ও নাম্বারের ধারাবাহিকতা অনুসরণ করিয়া অগ্রাধিকার ভিত্তিতে মৃত্যুদন্ডাদেশ কনফারমেশনের রেফারেন্স এবং একই রায় হইতে উদ্ভুত সকল ফৌজদারী আপীল ও জেল আপীল এবং উক্ত রায় হইতে উদ্ভুত ফৌজদারী আপীল ও জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং ফৌজদারী বিবিধ যদি থাকে (সপ্তাহে তিন দিন রবিবার, সোমবার ও মঙ্গলবার); শুনানীর জন্য ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন।

৩. **বিচারপতি মামনুন রহমান**

**এবং**

**বিচারপতি মোঃ আতোয়ার রহমান**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য ২০১৬ইং সাল পর্যন্ত প্রথম আপীল, প্রথম আপীল (প্রবেট), প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); ৬০০,০০,০০০ টাকার উর্ধ্বমানের প্রথম বিবিধ আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দেওয়ানী রুল ও রিভিশন মোকদ্দমা; হাইকোর্ট রুলস-এর ৯ অধ্যায়ের ৩৪ রুল অনুযায়ী শুনানীর জন্য এবং ৬০০,০০,০০০ টাকার উর্ধ্বমানের আপীল; ডিভিশন বেঞ্চে গ্রহনযোগ্য দেওয়ানী রুল, দেওয়ানী রিভিশন মোকদ্দমা ও তৎসংক্রান্ত আবেদনপত্র হইতে উদ্ভুত সকল লয়াজিমা বিষয়; ২০০১ইং সনের ১নং আইনের (শালিশী আইন-২০০১) ৪৮(ক), (খ) এবং (গ) ধারা মোতাবেক আপীল; দেওলিয়া বিষয়ক আপীল; দ্বৈত বেঞ্চে গ্রহণযোগ্য দ্বিতীয় আপীল এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন ।

৪. **বিচারপতি মোঃ রেজাউল হাসান**

**এবং**

**বিচারপতি মোঃ আতাবুল্লাহ**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইনের অধীন দায়েরকৃত মামলা ব্যতীত শুনানীর জন্য ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য ২০১৬ইং সাল পর্যন্ত ফৌজদারী আপীল; ফৌজদারী রিভিশন মোকদ্দমা এবং ৫৬১A ধারা মোতাবেক ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ গ্রহন ও নিষ্পত্তি করিবেন এবং তৎসংএান্ত আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।

৫. **বিচারপতি আবদুর রব**

**এবং**

**বিচারপতি এ, কে, এম, জহিরুল হক**

(চেম্বারে প্রতিদিন জেল আপীল শুনানী ও নিষ্পত্তি করিবেন)

৬. **বিচারপতি মোঃ রুহুল কুদ্দুস**

**এবং**

**বিচারপতি এস, এম, মনিরুজ্জামান**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ভ্যাট, কাস্টমস, ইনকামট্যাক্স, দেউলিয়া বিষয়াদি, সিটি কর্পোরেশনের ট্যাক্স, ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং অর্থঋণ আইন সংক্রান্ত রীট মোশন; ২০০৯ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ইং সনের পেটেন্ট ও ডিজাইন আইনের ৫১(ক) এবং ২৬(খ), (গ), (ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন,২০১২ এর ১২৪ ধারা মোতাবেক রিভিশন/আপীল সহ মূল্য সংযোজন কর আইন,১৯৯১-এর ধারা ৪২(১)(গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা ও আয়কর সংক্রান্ত রীট; কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ডি অনুযায়ী আপীল শুনানী করিবেন এবং যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকশ্রুত থাকিলে তাহাও গ্রহন করিবেন।

৭. **বিচারপতি মোঃ নজরুল ইসলাম তালুকদার**

**এবং**

**বিচারপতি খিজির হায়াত**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং অগ্রাধিকার ভিত্তিতে ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য দুর্নীতি দমন কমিশন আইন এবং মানি লন্ডারিং আইন সংক্রান্ত ফৌজদারী ও রীট মোশন এবং তৎসংক্রান্ত শুনানী ও সর্বপ্রকার ফৌজদারী রিভিশন মোকদ্দমা, ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকশ্রুত থাকিলে তাহাও গ্রহন করিবেন।

৮. **বিচারপতি মোস্তফা জামান ইসলাম**

**এবং**

**বিচারপতি মোঃ আমিনুল ইসলাম**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইনের অধীন বিষয়াদি সহ ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য ফৌজদারী মোশন; ফৌজদারী আপীল মঞ্জুরীর আবেদনপত্র এবং তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও তৎসংক্রান্ত জামিনের আবেদনপত্র; ফৌজদারী মঞ্জুরীকৃত আপীল ও সকল জেল আপীল মঞ্জুরীর আবেদনপত্র ও শুনানী; ফৌজদারী রিভিশন এবং ফৌজদারী বিবিধ মোকদ্দমাসমূহ এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকশ্রুত থাকিলে তাহাও গ্রহন করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকশ্রুত থাকিলে তাহাও গ্রহন করিবেন।

৯. **বিচারপতি মোহাম্মদ উল্লাহ**

একক বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৬০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে দেওয়ানী মোশন; দেওয়ানী কার্যবিধি আইনের ৪১ অর্ডারের ১১ রুল অনুযায়ী শুনানীর জন্য অনূর্ধ্ব ৬০০,০০,০০০ টাকা মানের আপীল; সহকারী জজ ব্যতীত অন্য বিচারকের আদেশ ও ডিক্রির বিরুদ্ধে অনূর্ধ্ব ৬০০,০০,০০০ টাকা মানের এবং সহকারী জজের মান নিরপেক্ষ আদেশ ও ডিক্রির বিরুদ্ধে দেওয়ানী রুল ও দেওয়ানী রিভিশন মোকদ্দমা; অনূর্ধ্ব ৬০০,০০,০০০ টাকা মানের আবেদনপত্র এবং একক বেঞ্চে গ্রহণযোগ্য সকল লয়াজিমা বিষয় ও অনূর্ধ্ব ৬,০০,০০০০০ টাকা মানের প্রথম বিবিধ আপীল, প্রথম বিবিধ আপীল (প্রবেট); একক বেঞ্চে গ্রহণযোগ্য দ্বিতীয় আপীল; ২০০১ইং সনের গণপ্রতিনিধিত্ব (সংশোধন) অধ্যাদেশ দ্বারা সংশোধিত ১৯৭২ইং সনের গণপ্রতিনিধিত্ব অধ্যাদেশ মোতাবেক "নির্বাচনী" আবেদনত্র; যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ করিবেন।

উল্লেখ্য যে, ১ ফেব্রুয়ারি,২০২১খ্রিঃ তারিখের পূর্বে দায়েরকৃত, স্থানান্তরিত বা চলমান সকল প্রকার মোকদ্দমা বা কার্যধারা অত্র বেঞ্চেই শুনানী ও নিষ্পত্তি হইবে।

১০. **বিচারপতি খিজির আহমেদ চৌধুরী**

**এবং**

**বিচারপতি সরদার মোঃ রাশেদ জাহাঙ্গীর**

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং শুনানীর জন্য ভ্যাট, কাস্টমস, ইনকামট্যাক্স, দেউলিয়া বিষয়াদি, সিটি কর্পোরেশনের ট্যাক্স, ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান এবং অর্থঋণ আইন সংক্রান্ত রীট মোশন; ২০০৯ইং সনের ট্রেডমার্ক আইনের অধীনে আপীল; ১৯১১ইং সনের পেটেন্ট ও ডিজাইন আইনের ৫১(ক) এবং ২৬(খ), (গ), (ঘ) ও (ঙ) ধারামতে আবেদনপত্র ও আপীল; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন,২০১২ এর ১২৪ ধারা মোতাবেক

রিভিশন/আপীল সহ মূল্য সংযোজন কর আইন,১৯৯১-এর ধারা ৪২(১)(গ) ক্ষমতাবলে এ্যাপিলেট ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বা আদেশের বিরুদ্ধে আপীল; আয়কর রেফারেন্স মোকদ্দমা ও আয়কর সংক্রান্ত রীট; কাস্টমস এ্যাক্ট, ১৯৬৯-এর ধারা ১৯৬ডি অনুযায়ী আপীল শুনানী করিবেন এবং যে সব বিষয় এই বেঞ্চে স্থানান্তরিত হইবে এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল, আবেদনপত্র গ্রহণ ও শুনানী করিবেন। এই গঠনবিধির অব্যবহিত পূর্বের গঠনবিধির কোন আংশিকশ্রুত থাকিলে তাহাও গ্রহন করিবেন।

১১. বিচারপতি মোঃ সেলিম

এবং

বিচারপতি মোঃ রিয়াজ উদ্দিন খান

একত্রে ডিভিশন বেঞ্চে বসিবেন এবং দুর্নীতি দমন কমিশন আইন ও মানি লন্ডারিং আইনের অধীন বিষয়াদি সহ ডিভিশন বেঞ্চে গ্রহণযোগ্য ফৌজদারী কার্যবিধির ৪৯৮, ৫৬১A এবং ৪৩৯ ধারার মোশন (প্রত্যেক সপ্তাহের রবিবার, সোমবার এবং মঙ্গলবার) এবং (প্রত্যেক সপ্তাহের বুধবার ও বৃহস্পতিবার) অগ্রাধিকার ভিত্তিতে ফৌজদারী কার্যবিধির ৪৯৮, ৫৬১A এবং ৪৩৯ ধারার পুরাতন সনের মোকদ্দমা সমূহ শুনানী ও নিষ্পত্তি করিবেন এবং উপরোল্লিখিত বিষয়াদি সংক্রান্ত রুল ও আবেদনপত্র গ্রহণ এবং শুনানী করিবেন।

স্বাঃ/-
প্রধান বিচারপতি
বাংলাদেশ
তারিখঃ ১৩ই অক্টোবর,২০২২ইং।

প্রচারের জন্যঃ-

১. বিচারপতি সৈয়দ মোহাম্মদ জিয়াউল করিম
২. বিচারপতি এস, এম, এমদাদুল হক
৩. বিচারপতি মামনুন রহমান
৪. বিচারপতি মোঃ রেজাউল হাসান
৫. বিচারপতি আবদুর রব
৬. বিচারপতি মোঃ রুহুল কুদ্দুস
৭. বিচারপতি মোঃ নজরুল ইসলাম তালুকদার
৮. বিচারপতি মোস্তফা জামান ইসলাম
৯. বিচারপতি মোহাম্মদ উল্লাহ
১০. বিচারপতি খিজির আহমেদ চৌধুরী
১১. বিচারপতি মোঃ সেলিম
১২. বিচারপতি মোঃ আতোয়ার রহমান
১৩. বিচারপতি খিজির হায়াত
১৪. বিচারপতি শশাঙ্ক শেখর সরকার
১৫. বিচারপতি মোঃ রিয়াজ উদ্দিন খান
১৬. বিচারপতি এস, এম, মনিরুজ্জামান
১৭. বিচারপতি সরদার মোঃ রাশেদ জাহাঙ্গীর
১৮. বিচারপতি কে এম জাহিদ সারওয়ার
১৯. বিচারপতি এ, কে, এম, জহিরুল হক
২০. বিচারপতি মোঃ আতাবুল্লাহ
২১. বিচারপতি মোঃ আমিনুল ইসলাম